**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

সার্কুলার নম্বর- ০৮/২০১৭ এ, তারিখঃ ২৮ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
১২ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ- অনলাইন কজলিস্ট, মনিটরিং ড্যাশবোর্ড ও বিচার বিভাগীয় বাতায়ন নিয়মিত হালনাগাদকরণ প্রসঙ্গে ।**

সম্প্রতি অত্র কোর্টের গোচরীভূত হয়েছে যে, জেলা আদালত বাতায়নে অনলাইন কজলিস্ট, মনিটরিং ড্যাশবোর্ডসহ বিচার বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে না। বিশেষভাবে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বদলী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট-এ প্রেরিত বাৎসরিক প্রতিবেদন বিচার বিভাগীয় বাতায়নের প্রতিবেদন মেন্যুতে, পুলিশ ম্যাজিস্ট্রেসীর সভা, লিগ্যাল এইড কমিটির সভা, মামলা ব্যবস্থাপনা কমিটির সভা এবং অন্যান্য সভার নোটিশ বাতায়নের নোটিশ মেন্যুতে হালনাগাদ করা হচ্ছে না। অধিকন্তু, লিগ্যাল এইড অফিস, লিগ্যাল এইড অফিসারের তথ্য, অধস্তন আদালতে কর্মরত বিচারক ও কর্মচারীদের তালিকা এবং কর্মচারীদের ডিউটি কার্ড সম্পর্কে হালনাগাদ তথ্য বাতায়নের নির্ধারিত মেন্যুতে পাওয়া যাচ্ছে না। ফলে বিচার বিভাগ হতে সেবা গ্রহীতাগণ বিচার বিভাগ সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তিতে নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছেন। বিচার বিভাগে ডিজিটালাইজেশনের সুফল বিচার প্রার্থী জনগণের কাছে পৌছে দিতে বিচার বিভাগীয় বাতায়ন হালনাগাদ রাখা একান্ত আবশ্যক। ইতোমধ্যে এতদ্‌উদ্দেশ্যে প্রত্যেক জেলার আইটি জ্ঞান ও দক্ষতা সম্পন্ন বিভিন্ন পর্যায়ের একাধিক বিচার বিভাগীয় কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, জেলা আদালত বাতায়নের অন্যান্য সকল তথ্যের সাথে বিশেষভাবে নিম্নবর্ণিত তথ্যাদি নিয়মিতভাবে হালনাগাদ ও এতদ্‌বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলোঃ

ক) প্রতিটি জেলা আদালত বাতায়নে বিচার বিভাগীয় কর্মকর্তাদের নামের তালিকা হালনাগাদ রাখা;

খ) বাতায়নের প্রতিবেদন মেন্যুতে বাংলাদেশ সুপ্রীম কোর্ট-এ প্রেরিত বাৎসরিক প্রতিবেদন বছর শেষে নিয়মিতভাবে হালনাগাদ রাখা;

গ) পুলিশ ম্যাজিস্ট্রেসীর সভা, লিগ্যাল এইড কমিটির সভা, মামলা ব্যবস্থাপনা কমিটির সভা এবং অন্যান্য সভার নোটিশ বাতায়নের নোটিশ অংশে নিয়মিতভাবে সন্নিবেশ করা;

ঘ) বাতায়নের আইন সহায়তা সেবা বক্সে লিগ্যাল এইড অফিস এবং লিগ্যাল এইড অফিসারের সঠিক তথ্য আপডেট রাখা;

ঙ) অধস্তন আদালতের প্রশাসনিক কর্মকর্তা, নাজির, ফোকাল পয়েন্ট, কর্মরত কর্মচারীদের তালিকা ও কর্মচারীদের ডিউটি কার্ড সম্পর্কে হালনাগাদ তথ্য বাতায়নের নির্ধারিত মেন্যুতে সন্নিবেশ করা;

চ) ইতোমধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট ও এটুআই (a2i) প্রোগ্রামের উদ্যোগে ToT প্রশিক্ষণ প্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাবৃন্দ কর্তৃক প্রতি জেলায় কর্মরত অন্যান্য বিচার বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীদেরকে জেলা আদালত বাতায়ন হালনাগাদ রাখা সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা;

ছ) অনলাইন কজলিস্ট ও মনিটরিং ড্যাশবোর্ড বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাবৃন্দ কর্তৃক প্রতি জেলায় কর্মরত অন্যান্য বিচার বিভাগীয় কর্মকর্তা ও সকল আদালতের বেঞ্চ সহকারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি আদালতগুলোতে কম্পিউটার হ্যার্ডওয়ার ও কানেক্টিভিটির সক্ষমতা সাপেক্ষে অনলাইন কজলিস্ট চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

জ) বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রেরিতব্য ২০১৭ খ্রিস্টাব্দের ২য় ত্রৈমাসিক মামলা নিষ্পত্তির বিবরণী ডাকযোগে প্রেরণের পাশাপাশি অনলাইন ড্যাশবোর্ডে উক্ত প্রতিবেদন সন্নিবেশ করা;

০৩। প্রত্যেক জেলায় কর্মরত জেলা জজ/মহানগর দায়রা জজ ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এবং বিচার বিভাগ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রধানদের (প্রযোজ্য ক্ষেত্রে) বছর শেষে প্রদত্ত বাৎসরিক গোপনীয় অনুবেদন প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা/প্রতিষ্ঠানের বাতায়ন হালনাগাদ রাখার বিষয়টি অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

০৪। এমতাবস্থায়, উপরি-উক্ত নির্দেশাবলী প্রতিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

**স্বাঃ/-**
**(আবু সৈয়দ দিলজার হোসেন)**
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৫। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৭। জেলা ও দায়রা জজ,---------------------------------------------------- (সকল)।
৮। মহানগর দায়রা জজ, ------------------------------------------------ (সকল)।
৯। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, --------------------------(সকল)।
১০। বিচারক(জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমনট্রাইব্যুনাল, ------------------ (সকল)।
১১। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমনট্রাইব্যুনাল,----------- (সকল)।
১২। বিচারক (জেলা জজ), দ্রুত বিচারট্রাইব্যুনাল,------------------------------- (সকল)।
১৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেটট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৪। সদস্য (জেলা জজ), প্রশাসনিকট্রাইব্যুনাল,--------------------------------- (সকল) ।
১৫। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৬। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------- (সকল)।
১৭। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত --------------------------(সকল)।
১৮। বিচারক( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
১৯। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাতট্রাইব্যুনাল,--------- (সকল)।
২০। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
২১। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২২। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৪। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৫। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৬। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৭। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৮। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা ।
২৯। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা)।
৩০। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩১। আইন উপদেষ্টা, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), ঢাকা।
৩২। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৩। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৪। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৫। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-----------------------------------------------(সকল)।
৩৭। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,---------------------------------------------(সকল)।

(১–৩৭) প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে অনুলিপি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

৩৮। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩৯। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা [সংরক্ষণের জন্য]
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

12.03.17

(মো'তাছিম বিল্যাহ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোনঃ ৯৫৬১৯৩২
ই-মেইলঃ judge.motasim@gmail.com